**BEDFORD BOROUGH COUNCIL**

Borough Charter granted in 1166

INVESTOR IN PEOPLE

Chief Executive: P. J. Simpkins

দয়া করে জিজ্ঞাসা করুনঃ Vicky Head
সরাসরি যোগাযোগঃ 01234 276893
ইমেলঃ bmso.publichealth@bedford.gov.uk
আমাদের রেফারেন্সঃ DPH/ltrs/Jan2021
তারিখঃ 7 জানুয়ারি 2021

প্রিয় মাতাপিতা/দেখাশুনাকারী

আপনি অবগত হবেন যে সোমবার 4 জানুয়ারি তারিখে, কভিড-19 সংক্রমন হ্রাসের উদ্দেশ্যে, প্রধানমন্ত্রী জাতীয় লকডাউন ঘোষণা করেছেন, যা এখন কার্যকর হয়েছে। উক্ত ঠিকানায় লকডাউনের সীমাবদ্ধতার ব্যাপারে বিস্তারিত পাবেন www.gov.uk/guidance/national-lockdown-stay-at-home

এই সিদ্ধান্ত নির্দেশ করছে না যে অল্পবয়স্কদের জন্য স্কুল এবং কলেজ আর নিরাপদ নয়, বরং, কভিড-19 সংক্রমন হ্রাসের ব্যাপারে প্রতিক্রিয়ার গুরুত্বপুর্ন অংশ হিসেবে অন্যান্য গৃহস্থলির মানুষদের সাথে শিশু এবং প্রাপ্তবয়স্কদের যোগাযোগের পরিমাণ কমানোর জন্য স্কুলের উপস্থিতি সীমিত করা।

নতুন সীমাবদ্ধতার মানে হচ্ছে স্কুল, বিশেষ স্কুল, বিকল্প ব্যবস্থা, এবং কলেজসমূহ খোলা থাকবে শুধুমাত্র গুরুত্বপুর্ন কর্মকর্তাদের শিশু এবং দুর্বল শিশু এবং তরুণ ব্যক্তিদের উপস্থিতির জন্য। অন্যান্য সকল ছাত্র এবং শিক্ষার্থীরা দূরবর্তী শিক্ষা গ্রহণ করবে কমপক্ষে ফেব্রুয়ারির অর্ধ মেয়াদ পর্যন্ত এবং অবশ্যই বাসায় অবস্থান করবে, জাতীয় নির্দেশনার সাথে সঙ্গতিপুর্ন আরও বিস্তারিত নিম্নে দেয়া হল।

আমরা বুঝতে পারছি যে এটি অনেক মাতাপিতা এবং দেখাশুনাকারীর জন্য স্বাগত খবর নয় কিন্তু যদি আমরা সফলতার সাথে আমাদের ভাইরাস সংক্রমন হ্রাস করতে এবং NHS কে সুরক্ষিত রাখতে চাই তাহলে এটা জরুরি। বেডফর্ড বরহ এর হসপিটাল এবং বৃহত্তর স্বাস্থ্য ব্যবস্থায় চাপ বৃদ্ধি পাচ্ছে এবং হেলথ ও সোসিয়াল কেয়ার জুড়ে আমাদের সহকর্মীরা আমাদের স্বাস্থ্য ব্যবস্থার প্রয়োগসাধ্যতা নিশ্চিতের জন্য অক্লান্ত পরিশ্রম করে যাচ্ছেন।

**গুরুত্বপুর্ন কর্মকর্তাদের শিশু**

সকল স্কুলসমূহ ঐ সকল কর্মকর্তাদের শিশুদের জন্য খোলা অব্যাহত থাকবে যারা কভিড19 এর প্রতিক্রিয়া এবং ইইউ স্থানান্তরের জন্য গুরুত্বপুর্ন, এবং যারা বাসায় নিরাপদে অবস্থানে অক্ষম। এই সহায়তার অফার শুধুমাত্র তখনই ব্যবহার করা প্রয়োজন যদি আপনার বাচ্চাদের চাইল্ডকেয়ারের জন্য বিকল্প ব্যবস্থা না থাকে।

আমরা লক্ষ্য করেছি এই সপ্তাহে মাতাপিতা এবং দেখাশুনাকারীর সংখ্যা তীব্রভাবে বৃদ্ধি পেয়েছে যারা ইঙ্গিত করছেন যে তারা হচ্ছেন উপরের বিভাগের মানুষ এবং এটা অধিক শিক্ষার্থীদের জন্য স্কুল খোলা রাখা অব্যাহতের ব্যাপারে স্কুলের উপর চাপ সৃষ্টি করছে এবং কভিড-19 সংক্রমন রোধের প্রচেষ্টাকে ব্যহত করছে।

যদি আপনি একজন গুরুত্বপুর্ন ব্যক্তি হয়ে থাকেন এবং আপনার শিশু দিনের কিছু অংশ বা পুরোটা সময় স্কুলে উপস্থিতির পরিবর্তে বাসায় অবস্থান করতে পারে, তবে তারা তা করুক। দয়া করে স্কুলে অবস্থানের বিধানটি শুধুমাত্র তখনই ব্যবহার করুণ যখন আপনার গুরুত্বপুর্ন দায়িত্বের জন্য এটা করা অত্যন্ত গুরুত্বপুর্ন এবং আপনি বাসায় আপনার শিশুকে সহায়তা করতে পারবেন না।

এই কঠিন সময়ে কভিড-19 সংক্রমন রোধের প্রতিক্রিয়ার অংশ হিসেবে আমরা অনুরোধ করব যে যদি বিকল্প প্রাপ্তবয়স্ক সহজলভ্য থাকেন, যেমন পার্টনার অথবা দ্বিতীয় মাতা বা পিতা যারা গুরুত্বপুর্ন ব্যক্তি নন, যারা সরকারের নির্দেশনা অনুসারে বাসা থেকে কাজ করতে সক্ষম বা কম-গুরুত্বপুর্ন কাজ থেকে ছুটি নিতে সক্ষম, তবে তখন এই অপশনটি অধিক পছন্দনীয়, যেহেতু এটি আরো উপযুক্ত বিকল্প হিসেবে প্রতীয়মান।

Vicky Head, পাবলিক হেলথ এর পরিচালক
Borough Hall, Cauldwell Street, Bedford MK42 9AP

ফোন (01234) 267422 মিনিকম (01234) 221827 ওয়েব www.bedford.gov.uk

BEDFORD BOROUGH COUNCIL

INVESTOR IN PEOPLE

Borough Charter granted in 1166

Chief Executive: P. J. Simpkins

গুরুত্বপুর্ন কর্মকর্তাদের তালিকা এখানে পাওয়া যাবেঃ
www.gov.uk/government/publications/coronavirus-covid-19-maintaining-educational-provision/guidance-for-schools-colleges-and-local-authorities-on-maintaining-educational-provision

**দুর্বল শিশু এবং অল্পবয়স্ক ব্যক্তি - শিক্ষা, স্বাস্থ্য এবং সেবা পরিকল্পনা বা সমাজকর্মীর সাথে সম্পৃক্তরা অন্তর্ভুক্ত**
যদি আপনার শিশুর শিক্ষা, স্বাস্থ্য এবং সেবা (EHC) পরিকল্পনা এবং/অথবা বরাদ্দকৃত সমাজকর্মী বা নেতৃস্থানীয় প্রফেশনাল থাকে তবে তারা তাদের স্কুল বা কলেজে উপস্থিত হতে পারবে। আপনি যদি সিদ্ধান্ত নেন আপনার শিশুকে বাসায় রাখবেন এবং আপনার অতিরিক্ত সহায়তার প্রয়োজন, দয়া করে আপনার স্কুলের সাথে যোগাযোগ করুণ এবং আপনাকে সহায়তার জন্য তারা কাউন্সিলের সাথে কাজ করবে।

দুর্বল শিশু এবং অল্পবয়স্ক ব্যক্তি যারা তাদের স্কুল বা কলেজে অংশ নিতে পারবে তাদের ব্যাপারে DfE এর সংজ্ঞা এখানে পাবেনঃ
www.gov.uk/government/publications/coronavirus-covid-19-maintaining-educational-provision/guidance-for-schools-colleges-and-local-authorities-on-maintaining-educational-provision

**বাচ্চাদেরকে সঙ্গীহীন ছেড়ে দেয়ার ব্যাপারে সরকারের পরামর্শ**
আপনি কখন আপনার শিশুকে একাকী ত্যাগ করতে পারবেন এব্যাপারে কোন আইন নেই তবে তাদেরকে একাকী ছেড়ে দেয়া যদি তাদেরকে ঝুঁকির মধ্যে স্থাপন করে তবে তা অপরাধ। মাতাপিতা হিসেবে, আপনি তাদেরকে বাসায় একাকী ত্যাগের পুর্বে আপনার বাচ্চা কতটা পরিপক্ক এব্যাপারে আপনার বিবেচনা প্রয়োগ করুণ। আপনি যদি একবারেই অনিশ্চিত হন, NSPCC সুপারিশ করে যে দীর্ঘসময়ের জন্য বাসায় একাকী ছেড়ে দেয়ার ব্যাপারে 12 বৎসরের কমবয়সী খুব কম বাচ্চারা যথেষ্ট পরিণত হয়, 16 বৎসরের কম বয়সী বাচ্চাদের রাত্রীকালীন সময়ে একাকী ত্যাগ করা উচিত নয় এবং শিশু, বাচ্চা এবং খুব অল্পবয়স্ক বাচ্চাদের কখনই একাকী ত্যাগ করা উচিত নয়।

আপনার অবিরত সহায়তার জন্য ধন্যবাদ।

আপনার আন্তরিকতায়

**Vicky Head**
পাবলিক হেলথ এর পরিচালক

**Martin Purbrick**
চিল্ড্রেন্স সার্ভিসের অন্তর্বর্তী পরিচালক